**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 18-08-2025** **Desk in Charge : SDG**
**Time: 7-35 A.M** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ পশ্চিমবঙ্গ সহ অন্যান্য রাজ্যেও ভোটার তালিকায় 'বিশেষ নিবিড় সংশোধনী'-SIR হবে এবং সঠিক সময়ে তার দিনক্ষণ ঘোষণা করা হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

# বুথ পিছু সর্বোচ্চ ভোটার সংখ্যার নিয়ম বদলের জেরে, রাজ্যে ১৩ হাজার ৮১৬টি ভোট গ্রহণ কেন্দ্র বাড়তে চলেছে।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২২শে আগস্ট শুক্রবার, কলকাতায় আসছেন।

# মেট্রো রেলের কয়েকটি প্রকল্পের উদ্বোধনের পাশাপাশি যোগ দেবেন 'পরিবর্তন সংকল্প যাত্রা'য়।

৩/ SSC-র নতুন নিয়োগ পরীক্ষার প্রভিশনাল অ্যাডমিট কার্ড প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। # পরীক্ষায় না বসার দাবীতে আজ SSC কার্যালয় অভিযানের ডাক দিয়েছে চাকরীহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের একটি সংগঠন।

৪/ স্বাস্থ্যসেবা ও সংশ্লিষ্ট বেশ কিছু বিষয় এবার থেকে দূরশিক্ষা বা অনলাইনে পড়ানো যাবে না বলে বিশ্ব বিদ্যালয় মঞ্জুরী কমিশন-UGC জানিয়েছে।

৫/ ইস্টবেঙ্গল ও ডায়মন্ড হারবার-FC, ১৩৪-তম ডুরান্ড কাপ ফুটবলের সেমিফাইনালে উঠেছে।

**********************************************************************

পশ্চিমবঙ্গ সহ অন্যান্য রাজ্যেও ভোটার তালিকায় 'বিশেষ নিবিড় সংশোধনী'-SIR হবে এবং সঠিক সময়ে তার দিনক্ষণ ঘোষণা করা হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। নতুন দিল্লিতে গতকাল দুই নির্বাচন কমিশনার ডক্টর সুখবীর সিং সান্ধু এবং ডক্টর বিবেক যোশীর উপস্থিতিতে এক সাংবাদিক বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেন, কমিশন কখনোই তার সাংবিধানিক দায়িত্ব পালন থেকে পিছু হটবে না।

( বাইট- জ্ঞানেশ কুমার )

তিনি বলেন, কমিশন সর্বদা শ্রেণী-ধর্ম নির্বিশেষে, সব ভোটদাতাদের পাশে থাকবে। বিভিন্ন রাজনৈতিক দলের তরফে নির্বাচন কমিশনের বিরুদ্ধে ভোট লুটের যে অভিযোগ করা হচ্ছে, তার তীব্র ভাষায় নিন্দা করে তিনি বলেন, এক কোটির'ও বেশী সরকারি কর্মচারী, ১০ লক্ষের'ও বেশী বুথ স্তরের কর্মী এবং ২০ লক্ষের'ও বেশী পোলিং এজেন্ট, গত লোকসভা নির্বাচন প্রক্রিয়ার অংশ ছিলেন। তাই ভোটে কারচুপির অভিযোগ সর্বৈব মিথ্যে। বিহারের ৭'কোটি ভোটদাতা যেখানে এই বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী-র পক্ষে রয়েছে, সে ক্ষেত্রে SIR-এর বিশ্বাসযোগ্যতা প্রশ্নাতীত বলেও উল্লেখ করেন মুখ্য নির্বাচন কমিশনার। এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, নির্বাচন কমিশনের সহায়তায় এরাজ্যে ত্রুটিমুক্ত ভোটার তালিকা তৈরী করতে চায়।

( বাইট- শুভেন্দু SIR )

অন্যদিকে, কংগ্রেস নেতা অধীর চৌধুরী নির্বাচন কমিশনের বিরুদ্ধে পক্ষপাতের অভিযোগ করেছেন। ( বাইট- অধীর EC )

********************

বুথ পিছু সর্বোচ্চ ভোটার সংখ্যার নিয়ম বদলের জেরে রাজ্যে ১৩ হাজার ৮১৬টি ভোট গ্রহণ বুথ বাড়তে চলছে। রাজ্যের জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিকদের পাঠানো তালিকা অনুযায়ী এই তথ্য সামনে এসেছে। রাজ্যে বর্তমানে ভোট বুথের সংখ্যা ৮০ হাজার ৬৮১। জেলাশাসকদের পাঠানো তালিকা অনুযায়ী বর্তমান বুথ সংখ্যার সঙ্গে বর্ধিত বুথ যোগ হলে রাজ্যে ভোট বুথের সংখ্যা দাঁড়াবে ৯৪ হাজার ৪৯৭ । নিয়ম অনুযায়ী রাজ্যের এই বুথ বিন্যাসের নতুন তালিকা ইতিমধ্যেই স্বীকৃত রাজনৈতিক দলগুলোর কাছে

পাঠিয়েছে রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। এরপর রাজনৈতিক দলগুলির মতামত জানতে সর্বদল বৈঠক ডাকা হবে। সবকিছু ঠিকঠাক চললে আগামী বুধবার রাজ্যের স্বীকৃত রাজনৈতিক দলগুলিকে নিয়ে সর্বদল বৈঠক বসতে চলেছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামী ২২'শে আগস্ট শুক্রবার কলকাতায় আসছেন। মেট্রো রেল সহ কয়েকটি প্রকল্পের উদ্বোধন করে তিনি যশোর রোড থেকে মেট্রোতে চেপে বিমান বন্দর যাবেন। সেখান থেকে ফের যশোর রোড স্টেশনে ফেরত আসবেন। দমদম সেন্ট্রাল জেল ময়দানে একটি সরকারি অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর যোগ দেবার কথা। শেষে বিজেপির 'পরিবর্তন সংকল্প যাত্রা'-য় বক্তব্য রাখবেন তিনি।

*********************

যাত্রীদের পরিবহণ ব্যবস্থার আরো উন্নতিতে চলতি মাসেই কলকাতা মেট্রোর তিনটি রুটে ট্রেন পরিষেবা সম্প্রসারিত হতে চলেছে। গ্রিন লাইনে শিয়ালদা-এসপ্লানেড, অরেঞ্জ লাইনে বেলেঘাটা-রুবি এবং ইয়েলো লাইনে নোয়াপাড়া-বিমান বন্দরের মধ্যে ট্রেন পরিষেবার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এর পাশাপাশি প্রধানমন্ত্রী, হাওড়া মেট্রো স্টেশনে একটি সাবওয়েরও উদ্বোধন করবেন বলে কলকাতা মেট্রোর এক মুখপাত্র জানিয়েছেন। এই তিন রুটের ট্রেন পরিষেবা চালু হলে কলকাতা ও হাওড়া সহ শহরতলীর বিরাট অংশের মানুষ উপকৃত হবেন বলে মনে করা হচ্ছে।

রাজ্যে জমি জোটের কারণে ৪৩ টি রেল প্রকল্পের কাজ আটকে রয়েছে বলে রাজ্য বিজেপি সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন। গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, রাজ্যে সামগ্রিক জমি নীতি না থাকার কারণেই এই পরিস্থিতি।

( বাইট- শমীক )

*********************

এদিকে, প্রধানমন্ত্রীর মেট্রো প্রকল্প উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য রেল মন্ত্রকের তরফে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে আমন্ত্রণ জানানো হয়েছে। রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের তরফে পাঠানো আমন্ত্রণ পত্রে, রাজ্যে বর্তমানে কতগুলি রেল প্রকল্পের কাজ চলছে এবং তার জন্য কেন্দ্র সরকার কত টাকা বরাদ্দ করেছে, তার'ও উল্লেখ রয়েছে।

********************

অভয়া মৃত্যুর প্রতিবাদকারী চিকিৎসকদের পুলিশি হেনস্থার অভিযোগ তুলে ৫ টি ডাক্তার সংগঠনের যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস ওয়েস্ট বেঙ্গল- JPD বেশ কিছু কর্মসুচির ঘোষণা করেছে। তাঁদের অভিযোগ সিনিয়র ও জুনিয়র ডাক্তারদের বিভিন্ন তারিখে ও বিভিন্ন সময়ে থানায় তলব করা হচ্ছে জিজ্ঞাসাবাদের নামে। এর বিরুদ্ধে আজ থেকে আগামী বুধবার এবং ২৫ ও ২৭ আগস্ট জমায়েত ও প্রতিবাদ সভা করা হবে। আজ দুপুর সাড়ে তিনটে বৌবাজার থানায় সামনে এই প্রতিবাদ সমাবেশ সংগঠিত হবে বলে JPD সূত্রের খবর।

********************

CPI-এর রাজ্য সম্পাদক নির্বাচিত হয়েছেন, স্বপন বন্দ্যোপাধ্যায়। বিধান নগরে তিনদিন ব্যাপী রাজ্য সম্মেলনের শেষ দিনে রাজ্য সম্পাদক পদে পুনর্নির্বাচিত হলেন তিনি।

গঠিত হয়েছে ৩৪ জনের রাজ্য কার্যনির্বাহী কমিটি।

********************

SSC-র নতুন নিয়োগ পরীক্ষার প্রভিশনাল অ্যাডমিট কার্ড প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। ৭'ই সেপ্টেম্বর নবম-দশম এবং ১৪'ই সেপ্টেম্বর একাদশ-দ্বাদশের শিক্ষক নিয়োগ পরীক্ষা নেওয়া হবে। আদালতের নির্দেশে ২০১৬ সালের নিয়োগে চিহ্নিত অযোগ্যদের আবেদন বাতিল করা হয়েছে। তার কারণ'ও ওয়েবসাইটে উল্লেখ করেছে স্কুল সার্ভিস কমিশন।

********************

নতুন করে নিয়োগ পরীক্ষা না দেওয়ার দাবিতে আজ এসএসসি ভবন অভিযানের ডাক দিয়েছে চাকরিহারা শিক্ষক ও শিক্ষা কর্মীদের একটি সংগঠন। ওই কর্মসূচি থেকে পুলিশের উপর হামলা চালানো হতে পারে বলে বিধাননগর পুলিশ যে দাবি করেছে, তা অস্বীকার করে নিজেদের কর্মসূচিতে অনড় রয়েছেন তাঁরা। চাকরিহারা শিক্ষক সুমন বিশ্বাস সাংবাদিকদের কাছে বলেন, আন্দোলনকে ভেঙ্গে দিতেই প্রশাসন চক্রান্ত করেছে।

( বাইট-সুমন বিশ্বাস )

*********************

স্বাস্থ্যসেবা ও সংশ্লিষ্ট বেশ কিছু বিষয় এবার থেকে দূরশিক্ষা বা অনলাইন মাধ্যমে পড়ানো যাবে না বলে বিশ্ব বিদ্যালয় মঞ্জুরী কমিশন-UGC জানিয়েছে। চলতি জুলাই-আগস্ট শিক্ষাবর্ষ থেকেই এই নির্দেশ কার্যকর হবে। এক নির্দেশিকায় UGC জানিয়েছে, ২০২১ সালের 'ন্যাশনাল কমিশন ফর অ্যালাইড অ্যান্ড হেলথ কেয়ার প্রফেশনস্' আইনে স্বাস্থ্যসেবা সংক্রান্ত যে বিষয়গুলির উল্লেখ রয়েছে সেগুলির ওপরে এই নিষেধাজ্ঞা বলবত হবে। এর মধ্যে রয়েছে- মনোবিদ্যা, পুষ্টি বিজ্ঞান, মাইক্রোবায়োলজি, বায়োটেকনোলজির মতো বেশ কিছু বিষয়।

*********************

কিশোর কবি সুকান্ত ভট্টাচার্যের জন্মশতবর্ষ উদযাপন শুরু হয়েছে গতকাল। বাংলার ১৩৩৩-এর ৩০'শে শ্রাবণ কলকাতার কালীঘাটে তিনি জন্মগ্রহণ করেন।

নিপীড়িত মানুষের পক্ষে ও সাম্রাজ্যবাদের বিরুদ্ধে তাঁর ক্ষুরধার লেখনি উজ্জীবিত করেছিল স্বাধীনতা আন্দোলনের সৈনিকদের। ১৯৪৭-এ ১৩ই মে যক্ষা রোগে আক্রান্ত হয়ে অসামান্য প্রতিভা ধর এই কবির মৃত্যু হয়। তাঁর জন্মশতবর্ষ উপলক্ষে রাজ্যজুড়ে শুরু হয়েছে নানা কর্মসূচি। একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিৎ )

*********************

কেন্দ্রীয় অন্তস্থলীয় মৎস্য গবেষণা সংস্থা ও কুলতলী মিলন তীর্থ সোসাইটির যৌথ উদ্যোগে সুন্দরবনের বাসন্তী ব্লকের কুলতলীতে ২৪ জন ব্যাঘ্র বিধবা সহ মোট ৫০০ জন তপশীলি

জাতিভুক্ত মহিলা মৎস্য চাষীদের প্রত্যেককে ছ'কিলো মাছ ও ১২০ কেজি মাছের খাদ্য তুলে দেওয়া হয়। 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কেমিক্যাল বায়োলজি'র অধিকর্তা বিভা ট্যান্ডন CIFRI-এর অধিকর্তা ড: বসন্ত কুমার দাস কুলতলী মিলন তীর্থ সোসাইটির সভাপতি লোকমান মোল্লা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

********************

মোহনবাগান সুপারজায়ান্টকে হারিয়ে ইস্টবেঙ্গল ডুরান্ড কাপ ফুটবলের সেমিফাইনালে পৌঁছেছে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ডার্বি ম্যাচে ইস্টবেঙ্গল ২-১ গোলে মোহনবাগানকে হারিয়ে দিয়েছে। ম্যাচের ৩৮ মিনিটে পেনাল্টি থেকে গোল করে ইস্টবেঙ্গলকে এগিয়ে দেন দিমিত্রস দিয়ামানতাকোস। দ্বিতীয়ার্ধে লাল হলুদের হয়ে দ্বিতীয় গোলটিও করেন দিয়ামানতাকোস। ৬৮ মিনিটে মোহনবাগানের হয়ে একটি গোল শোধ করেন অনিরুদ্ধ থাপা। সেমিফাইনালে ইস্টবেঙ্গল ডায়মন্ডহারবার এফসির বিরুদ্ধে খেলবে।

******************************************************************************